(১০৮৭)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৬৭/২০১৬/ ১৭৩ তারিখ ঃ ১৮/১০/২০১৬ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্য পদ অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | পদ সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারি পরিচালক (প্রশাসন) ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ১(এক) | ৩৫ বছরের উর্ধ্বে নহে। | অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি এবং **সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থার প্রশাসনিক দায়িত্ব পালনে ৫(পাঁচ) বছরের প্রথম শ্রেণির চাকুরির অভিজ্ঞতা।** |
| ২. | সহকারি এরোড্রাম কর্মকর্তা ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৫(পাঁচ) | ৩০ বছরের উর্ধ্বে নহে। বিভাগীয় প্রার্থীর জন্য ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিদ্যা অথবা অংকে অন্যূন প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। |

**নিয়মাবলী** ঃ

১। আবেদনপত্র ও প্রবেশপত্র এর নির্ধারিত ছক বেবিচ কর্তৃপক্ষের ওয়েবসাইট www.caab.gov.bd হতে সংগ্রহ করে প্রার্থীদের পূরণ করতে হবে। **চেয়ারম্যান, বাংলাদেশ বোসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯** বরাবর আবেদনপত্র আগামী ২৪/১১/২০১৬ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি আবেদনকারী প্রার্থীগণ কর্তৃপক্ষের প্রশাসন বিভাগে রক্ষিত তালাবদ্ধ বাক্সে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে পারবেন।

২। পূরণকৃত আবেদনপত্রের সাথে প্রবেশপত্রের পূরণকৃত ছক, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও ডাকটিকিটযুক্ত ফেরৎ খাম ব্যতিত অন্য কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক পরীক্ষা গ্রহণকালে আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সমর্থনে মূল সনদপত্র দেখাতে হবে এবং প্রার্থীর মূল চারিত্রিক সনদসহ অন্যান্য সনদের ১(এক) সেট ফটোকপি ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারি দ্বারা সত্যায়িত করে দাখিল করতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৪। খামের উপরে প্রার্থীত পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৫। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। প্রার্থীর বয়স ২৪/১১/২০১৬ তারিখ সর্বনিম্ন ১৮(আঠার) বছর এবং সর্বোচ্চ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ৩০/৩৫ বছর। সহকারি এরোড্রাম কর্মকর্তা পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার বয়সের উর্ধ্বসীমা ৩২(বত্রিশ) বছর এবং মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০(ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র জমা প্রদান করতে হবে।

৮। আবেদনপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ বরাবর সংযুক্ত করতে হবে।

৯। আবেদনপত্র ও প্রবেশপত্র $A_4$ আকারের হতে হবে এবং প্রবেশপত্র প্রাপ্তির জন্য পত্র যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ৯.৫"×৪.৫" সাইজের ৬(ছয়) টাকা মূল্যের ডাকটিকিটযুক্ত ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

১০। আবেদনকারি কোন তথ্য গোপন করলে ও পরবর্তীতে তা সনাক্ত হলে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাঁর নিয়োগাদেশ বাতিল করা হবে।

১১। আবেদনকারিকে তাঁর অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে গ্রহণযোগ্য হবে না।

১২। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীগণকে কোন প্রকার যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৩। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮/১০/১৬

(মোঃ নাজমুছ সাদাত সেলিম)
পরিচালক (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

# চাকরির আবেদন ফরম

সে.মি ৫×৫ ছবি
(সাম্প্রতিক তোলা ২ কপি)

বরাবর

............................................................

............................................................

............................................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): |

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | | | | | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | | | | | | | |
| ৫ | জন্ম তারিখ: | | | | | | | | ৬. জন্মস্থান: জেলা: | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতার নাম: | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | | এতিম/শারিরীক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

**প্রার্থীর কপি**

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
**প্রশাসন-১ শাখা**

নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৬৭/২০১৬/ তারিখ ঃ / /২০১৬ খ্রিঃ।

৫×৫ সে.মি সাইজের সাম্প্রতিক তোলা ১ কপি রঙিন ছবি আঠা দিয়ে ভালভাবে লাগাতে হবে।

# প্রবেশপত্র

**আবেদনকারী কর্তৃক পূরণীয় ঃ**

পদের নাম ঃ ..............................................................

পরীক্ষার্থীর নাম ঃ ..............................................................

পিতা/স্বামীর নাম ঃ ..............................................................

বর্তমান ঠিকানা ঃ ..............................................................................

..............................................................................................................

..............................................................................................................

**অফিস কর্তৃক পূরণীয় ঃ**

রোল নম্বর ঃ

পরীক্ষার কেন্দ্রের নাম ঃ

পরীক্ষার তারিখ ঃ

পরীক্ষার সময় ঃ

পরিচালক (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

**বিশেষ নির্দেশাবলী ঃ**

১। লিখিত পরীক্ষার সময় প্রবেশপত্র সঙ্গে আনতে হবে এবং মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্রটি সংরক্ষণ করতে হবে।
২। লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ১৫ মিনিট পর পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না।
৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।
৪। পরীক্ষা কেন্দ্রে মোবাইল বা কোন প্রকার ইলেকট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।
৫। লিখিত পরীক্ষার ফলাফল বেবিচ কর্তৃপক্ষের সদর দপ্তরস্থ নোটিশ বোর্ড এবং এর ওয়েবসাইট www.caab.gov.bd এ প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের নোটিশে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় ও তারিখ উল্লেখ থাকবে।
৬। পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষায় আসার সময় নিজ প্রবেশপত্র, শিক্ষাগত যোগ্যতা, ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতা এবং আবেদনপত্রের সাথে দাখিলকৃত অন্যান্য সকল সনদের মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।
৭। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ পরীক্ষা বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

---

**অফিস কপি**

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
**সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।**

নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৬৭/২০১৬/ তারিখ ঃ / /২০১৬ খ্রিঃ।

৫×৫ সে.মি সাইজের সাম্প্রতিক তোলা ১ কপি রঙিন ছবি আঠা দিয়ে ভালভাবে লাগাতে হবে।

# প্রবেশপত্র

**অফিস কর্তৃক পূরণীয় ঃ**

রোল নম্বর ঃ

পরীক্ষার কেন্দ্রের নাম ঃ

পরীক্ষার তারিখ ঃ

পরীক্ষার সময় ঃ

**আবেদনকারী কর্তৃক পূরণীয় ঃ**

পদের নাম ঃ ..............................................................

পরীক্ষার্থীর নাম ঃ ..............................................................

পিতা/স্বামীর নাম ঃ ..............................................................

বর্তমান ঠিকানা ঃ ..............................................................................

..............................................................................................................

..............................................................................................................

পরিচালক (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

Badal